**০৭ ঃ ১৪২৮ ও ১৪২৯ বাংলা সনে হাট-বাজার ইজারালব্দ অর্থের ১০% অর্থে হাট-বাজার রক্ষণাবেক্ষণ/ উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ঃ**

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক হাট বাজার রক্ষণাবেক্ষণ/উন্নয়নের নিমিত্ত কোন প্রকল্প উথাপন করেননি।

সিদ্ধান্ত ঃ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি, মির্জাপুর, টাঙ্গাইল।

**০৮ ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ**

(ক) উপজেলা পরিষদ কার্যালয়ের ডিসেম্বর/২০২২ মাসে = ৫,০০০/- টাকা আনুসাংগিক বিল বাবদ বিল ভাউচার দাখিল করেছেন।

(খ) উপজেলা পরিষদ কার্যালয়ের ডিসেম্বর/২০২২ মাসে = ২৯,৯৪০/- টাকা আপ্যায়ন বিল বাবদ বিল ভাউচার দাখিল করেছেন।

(গ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটির সভার ডিসেম্বর/২২ মাসে = ৮,০০০/- টাকা আপ্যায়ন বিল বাবদ বিল ভাউচার দাখিল করেছেন।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে উল্লেখিত বিলগুলো অনুমোদিত হয়।

বাস্তাবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।

**০৯ ঃ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ২০২২-২০২৩ অর্থ বছর হতে প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ঃ**

**জনাব মীর এনায়েত হোসেন মন্টু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে গত ২৭ সেপ্টেম্বর/২২, ৩১ অক্টোবর/২২ ও ৩০ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ উপজেলা পরিষদ সভায় অনুমোদনকৃত প্রকল্পের আংশিক সংশোধনসহ নিম্নরুপ প্রকল্প উথাপন করেন।**

| ক্র নং | প্রকল্পের নাম | বরাদ্দ | প্রকল্পের ধরণ |
|---|---|---|---|
| ১। | ৪৬ নং প্রকল্প কলিমাজানী বাজার হতেআলী হোসেনের বাড়ী পর্যন্ত প্যালাসাইটিং সহ মাটি ভরাট এর কাজের বরাদ্দ ৭,০০,০০০/- এর পরিবর্তে ৬,০০,০০০/- হবে | ৬,০০,০০০/- | টেন্ডার (আরএফকিউ) |
| ২। | ৪৮ নং প্রকল্প পথহারা মধ্যপাড়া দোকান হতে মসজিদ পর্যন্ত দু'পাশ দিয়েপ্যালাসাইটিং করন কাজের বরাদ্দ ৫,০০,০০০/- এর পরিবর্তে ৬,০০,০০০/- হবে | ৬,০০,০০০/- | টেন্ডার (আরএফকিউ) |
| ৩। | ২ নং ক্রমিকে প্রকল্প আবাদ বাজার হতে কুড়াতলী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা নির্মাণ এর পরিবর্তে ১। আবাদ বাজার হতে বাচ্চু দেওয়ানের বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ = ৫,০০,০০০/-<br>২। বাচ্চু দেওয়ানের বাড়ি হতে ইসমাইলের বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ = ৫,০০,০০০/- | ১০,০০,০০০/- | টেন্ডার (আরএফকিউ) |
| ৪। | দেওহাটা এ জে উচ্চ বিদ্যালয়ের ড্রেন নির্মাণ এর পরিবর্তে সোহাগপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন | ২,০০,০০০/- | পিআইসি |

সিদ্ধান্ত ঃ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।

উপজেলা প্রকৌশলী, মির্জাপুর, টাঙ্গাইল বলেন মির্জাপুর উপজেলায় এলজিইডির আওতায় গ্রামীণ সড়কে ১০ টনের অতিরিক্ত ওজনের মাটি/মালবাহী গাড়ী চলাচলের জন্য বিভাজন করে মির্জাপুর আমড়াইল-কামারপাড়া, তেলিপাড়া রাস্তা, গোড়াই কাশেম ড্রাইসেল লতিফপুর ইউপিসি ভায়া কুড়াতলী বটতলা (এলএম) রাস্তাসহ বিভিন্ন সড়ক ক্ষতিগ্রস্থ হচ্ছে। এক্ষেত্রে সড়কে সর্বোচ্চ ১০ টন ওজন সীমার অতিরিক্ত গাড়ী চলাচল না করার জন্য সকলের সহযোগিতা ও প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তিনি আরো বলেন উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন এর আওতায় দরপত্রে প্রকল্পগুলির মধ্যে সেপ্টেম্বর/২২ মাসের ৪৬,৪৮,৫৬,৬০,৭৪,৭৫,৭৬,৮৬,৮৭,৮৮,৯০ ও অক্টোবর/২২ মাসের ৭, ৯ আরএফকিউ ও অবশিষ্ট ইজিপি, এলটিএম পদ্ধতিতে দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।

ভাইস চেয়ারম্যান জনাব আজহারুল ইসলাম সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টুসহ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সকলের সহযোগিতা কামনা করে শেষ করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান জনাব শামীমা আক্তার সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টুসহ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সকলের সহযোগিতা কামনা করে শেষ করেন।

উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ হাফিজুর রহমান সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টুসহ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান।

চলমান পাতা-০৫